

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৮৪
সোনামুড়া, ২৯ ডিসেম্বর, ২০২৩

১৪ - ১৫ জানুয়ারি বটতলিতে পৌষ সংক্রান্তি মেলা

আগামী ১৪ এবং ১৫ জানুয়ারি নলছড় ব্লকের বটতলিতে দু'দিন ব্যাপী পৌষ সংক্রান্তি মেলা অনুষ্ঠিত হবে। পৌষ সংক্রান্তি মেলা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সম্প্রতি বটতলীতে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, এম ডি সি পদ্যালোচন ত্রিপুরা, নলছড় ব্লকের অতিরিক্ত বিডিও সিদ্ধার্থ শংকর রায় সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ। আসন্ন এই মেলাকে সফল করে তোলার জন্য সকল অংশের জনগণের সহযোগিতা কামনা করেন বিধায়ক রামপদ জমাতিয়া এবং নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ। এই মেলাকে সফল করার জন্য একটি উপদেষ্টা কমিটি, একটি পরিচালন কমিটি এবং ১১টি উপকমিটি গঠন করা হয়েছে।
